# মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৫৬৭৮

পর্ব-২৮: সৃষ্টির সূচনা ও কিয়ামতের বিভিন্ন অবস্থা (كتاب أَحْوَال الْقِيَامَة وبدء الْخلق)

পরিচ্ছেদঃ দ্বিতীয় অনুচ্ছেদ - জাহান্নাম ও জাহান্নামীদের বর্ণনা

## اَلْفصْلُ الثَّنِفْ (بَاب صفةالنار وَأَهْلهَا)

আরবী

وَعَنْهُ عَنِ النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ فِي قَوْله: (كَالْمهْلِ) أَيْ كَعَكَرِ الزَّيْتِ فَإِذَا قُرِّبَ إِلَى وَجْهِهِ سَقَطت فَرْوَة وَجهه فِيهِ رَوَاهُ التِّرْمِذِيُّ

حسن ، رواہ الترمذی (2581 ، 2584) و الحاکم (2 / 501 ح 3850) و ابن حبان (الاحسان : 7430 / 7473 و سندہ حسن ۔
(ضَعِيف)

বাংলা

৫৬৭৮-[১৪] উক্ত রাবী [আবূ সাঈদ আল খুদরী (রাঃ)] নবী (সা.) হতে বর্ণনা করেন। তিনি (সা.) বলেছেন: আল্লাহ তা’আলার বাণী (كَالْمهْلِ) “(তেলের) গাদ” (সূরা আল কাহফ ১৭ : ২৯)-এর ব্যাখ্যায় বলেছেন, তা যায়তুন তেলের নীচের তপ্ত গাদের মতো। যখন তা তার মুখের কাছে নেয়া হবে, তখন গরম উত্তাপে তার মুখের চামড়া-মাংস তাতে খসে পড়বে। (তিরমিযী)

ফুটনোট

যঈফ: তিরমিযী ২৫৮১, মুসনাদে আহমাদ ১১৬৯০, আবূ ইয়া'লা ১৩৭৫, মুসনাদে ‘আবদ ইবনু হুমায়দ ৯৩০, য'ঈফ আত তারগীব ওয়াত তারহীব ২১৫৪, সহীহ ইবনু হিব্বান ৭৪৭৩; রিশদীন ইবনু সা'দ য'ঈফ, আর দাররাজ হলো মুনকারুল হাদীস।

ব্যাখ্যা

ব্যাখ্যা:(كَالْمهْلِ) শব্দটির ব্যাখ্যা স্বয়ং রাসূলুল্লাহ (সা.) করলেন যে, এটা হচ্ছে তেলের নীচের গাদ।
فَروَةُ (سَقَطت فَرْوَة وَجهه) দ্বারা উদ্দেশ্য হলো চামড়া। মূলতপক্ষে (فَروَةُ) মানে হলো মাথার চামড়া যার উপর চুল গজায়, তবে এখানে চেহারার চামড়া উদ্দেশ্য নেয়া হয়েছে। (মিরক্বাতুল মাফাতীহ, তুহফাতুল আহওয়াযী হা, ২৫৮৪)

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

---

পাবলিশারঃ হাদিস একাডেমি  বর্ণনাকারীঃ আবূ সা’ঈদ খুদরী (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=85654

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন